# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৭৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৩. তৃতীয় অনুচ্ছেদ - জামা‘আত ও তার ফযীলত সম্পর্কে

## আরবী

وَعَن عبد الله بن أم مَكْتُوم قَالَ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ الْمَدِينَةَ كَثِيرَةُ الْهَوَامِّ وَالسِّبَاعِ وَأَنَا ضَرِيرُ الْبَصَرِ فَهَلْ تَجِدُ لِي مِنْ رُخْصَةٍ؟ قَالَ: «هَلْ تَسْمَعُ حَيَّ عَلَى الصَّلَاةِ حَيَّ عَلَى الْفَلَاحِ؟» قَالَ: نَعَمْ. قَالَ: «فَحَيَّهَلَا» . وَلَمْ يُرَخِّصْ لَهُ. رَوَاهُ أَبُو دَاوُد وَالنَّسَائِيّ

## বাংলা

১০৭৮-[২৭] ’আবদুল্লাহ ইবনু উম্মু মাকতূম (রাঃ)থেকে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রসূল! মদীনায় ক্ষতিসাধনকারী অনেক জানোয়ার ও হিংস্র জন্তু আছে। আর আমি একজন জন্মান্ধ লোক। এ সময় আপনি কি আমাকে (জামা’আতে যাওয়া থেকে) অবকাশ দিতে পারেন? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তুমি কি ’’হাইয়্যা ’আলাস সলা-হ, হাইয়্যা ’আলাল ফালা-হ’’ শব্দ শুনতে পাও? তিনি বললেন, হ্যাঁ (আমি শুনতে পাই)। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করলেন, তাহলে তোমাকে জামা’আতে আসতে হবে। তাকে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) জামা’আত ত্যাগের অনুমতি দিলেন না। (আবূ দাঊদ, নাসায়ী)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৫৫৩, নাসায়ী ৮৫১।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَلَمْ يُرَخِّصْ) ‘‘রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে জামা‘আতে উপস্থিত না হওয়ার অনুমতি দিলেন না।’’

এ হাদীস প্রমাণ করে যে, প্রত্যেকের জন্যই জামা‘আতে শামিল হওয়া ওয়াজিব যারা আযান শুনতে পায়। যদি তা না হত তাহলে অবশ্যই দুর্বল ও অন্ধ ব্যক্তি জামা‘আত পরিত্যাগ করার অনুমতি পেত। তবে যারা বলেন জামা‘আতে শামিল হওয়া ওয়াজিব নয় তারা এ হাদীসের বিভিন্ন প্রকার জওয়াব দিয়ে থাকেন যা প্রথম পরিচ্ছেদে আবূ হুরায়রাহ্ (রাঃ) বর্ণিত হাদীসের ব্যাখ্যায় গত হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55638

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন